

## বিষয় সূচী

বিষয়		পৃষ্ঠা
পুষ্প	...	১
বধূ	...	৩
অচেনা	...	৪
পসারিণী	...	৫
গোয়ালিনী	...	৬
কুমার	...	৭
আর্শি	...	১২
দান	...	১৪
হার	...	১৬
মরীচিকা	...	১৭
শ্যামলা	...	১৯
একাকিনী	...	২২
সাজ	...	২৩
প্রকাশিতা	...	২৫


বিষয়		পৃষ্ঠা
বরবধু	...	২৭
ছায়াসঙ্গিনী	...	২৯
প্রভেদ	...	৩২
পুষ্পচয়িনী	...	৩৪
ভীৰু	...	৩৬
যুগল	...	৩৮
বেসুর	...	৪০
স্যাক্‌রা	...	৪২
নীহারিকা	...	৪৩
কালো ঘোড়া	...	৪৬
অনাগতা	...	৪৮
ঝাঁকড়াচুল	...	৫০
দ্বিধা	...	৫২
যাত্রা	...	৫৩
দ্বারে	...	৫৫
কন্যা বিদায়	...	৫৮
বিদায়	...	৫৯

## চিত্র সূচী

প্রচ্ছদ	...	শ্রীনন্দলাল বসু
অনুচ্ছদ	...	শ্রীনন্দলাল বসু
বিচিত্রিতা	...	শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

চিত্র	শিল্পী	পৃষ্ঠা
পুষ্প	শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর	১
বধূ	শ্রীগগনেন্দ্রনাথ ঠাকুর	৩
অচেনা	শ্রীঅবনীন্দ্রনাথ ঠাকুর	৪
পসারিণী	শ্রীনন্দলাল বসু	৬
গোয়ালিনী	শ্রীগৌরী দেবী	৮
কুমার	শ্রীগগনেন্দ্রনাথ ঠাকুর	১০
আর্শি	শ্রীসুরেন্দ্রনাথ কর	১২
দান	শ্রীসুনয়নী দেবী	১৪
হার	শ্রীসুরেন্দ্রনাথ কর	১৬
মরিচীকা	শ্রীগগনেন্দ্রনাথ ঠাকুর	১৮
শ্যামলা	শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর	২০
একাকিনী	শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর	২২

চিত্র	শিল্পী	পৃষ্ঠা
সাজ ...	শ্রীসুরেন্দ্রনাথ কর ...	২৪
প্রকাশিতা ...	শ্রীনিশিকান্ত রায় চৌধুরী ...	২৬
বরবধু ...	শ্রীরমেন্দ্রনাথ চক্রবর্তী ...	২৮
ছায়াসঙ্গিনী ...	শ্রীগগনেন্দ্রনাথ ঠাকুর ...	৩০
প্রভেদ ...	শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর ...	৩২
পুষ্পচয়িনী ...	শ্রীক্ষিতীন্দ্রনাথ মজুমদার ...	৩৪
ভীক্ষু ...	শ্রীগগনেন্দ্রনাথ ঠাকুর ...	৩৬
যুগল ...	শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর ...	৩৮
বেসুর ...	শ্রীগগনেন্দ্রনাথ ঠাকুর ...	৪০
স্যাক্রা ...	শ্রীনন্দলাল বসু ...	৪২
নীহারিকা ...	শ্রীপ্রতিমা দেবী ...	৪৪
কালো ঘোড়া ...	শ্রীগগনেন্দ্রনাথ ঠাকুর ...	৪৬
অনাগতা ...	শ্রীমনীষী দে ...	৪৮
বাঁকড়াচুল ...	শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর ...	৫০
দ্বিধা ...	শ্রীগগনেন্দ্রনাথ ঠাকুর ...	৫২
যাত্রা ...	শ্রীরমেন্দ্রনাথ চক্রবর্তী ...	৫৪
দ্বারে ...	শ্রীসুরেন্দ্রনাথ কর ...	৫৬
কন্যা বিদায় ...	শ্রীনন্দলাল বসু ...	৫৮
বিদায় ...	শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর ...	৬০



পুতপ

## পুষ্প

পুষ্প ছিল বৃক্ষশাখে হে নারী, তোমার অপেক্ষায়  
পল্লবচ্ছায়ায়।

তোমার নিশ্বাস তারে লেগে  
অন্তরে সে উঠিয়াছে জেগে,  
মুখে তব কী দেখিতে পায় ॥

সে কহিছে, বহু পূর্বে তুমি আমি কবে এক সাথে  
আদিম প্রভাতে  
প্রথম আলোকে জেগে উঠি'  
এক ছন্দে বাঁধা রাখী দু'টি  
দু'জনে পরিনু হাতে হাতে ॥

আধো আলো অন্ধকারে উড়ে এনু মোরা পাশে পাশে  
প্রাণের বাতাসে।  
একদিন কবে কোন্ মোহে  
দুই পথে চলি গেনু দৌহে,  
আমাদের মাটির আবাসে ॥


বারে বারে বনে বনে জন্ম লই নব নব বেশে  
নব নব দেশে।

যুগে যুগে রূপে রূপান্তরে  
ফিরিনু সে কী সন্ধান তরে  
সৃজনের নিগূঢ় উদ্দেশে ॥

অবশেষে দেখিলাম কত জন্মপরে নাহি জানি  
এই মুখখানি।  
বুঝিলাম আমি আজো আছি  
প্রথমের সেই কাছাকাছি,  
তুমি পেলে চরমের বাণী ॥

তোমার আমার দেহে আদি ছন্দ আছে অনাবিল  
আমাদের মিল।  
তোমার আমার মর্ম্মতলে  
একটি সে মূল সুর চলে,  
প্রবাহ তাহার অন্তঃশীল ॥

কী যে বলে সেই সুর, কোন্‌দিকে তাহার প্রত্যাশা,  
জানি নাই ভাষা।  
আজ সখি বুঝিলাম আমি,  
সুন্দর আমাতে আছে থামি',  
তোমাতে সে হোলো ভালোবাসা ॥



বধূ



বধূ

যে চির-বধুর বাস তরুণীর প্রাণে  
সেই ভীৰু চেয়ে আছে ভবিষ্যৎ পানে  
অনাগত অনিশ্চিত ভাগ্য-বিধাতার  
সাজায়ে পূজার ডালি।

কল্পমূর্ত্তি তার

প্রতিষ্ঠা করেছে মনে।

যাহারে দেখেনি

একান্তে স্মরিয়া তারে সুনিপুণ বেণী  
কুসুমে খচিত করি' তুলে।

সযতনে

পরে নীলাম্বরী সাড়ি।

নিভূতে দর্পণে

দেখে আপনার মুখ।

শুধায়ে সভয়ে

হবো কি মনের মতো, পাবো কি হৃদয়ে  
সৌভাগ্য আসন।

কোন্ দূরের কল্যাণে

সঁপিছে করুণ ভক্তি দেবতার ধ্যানে  
আগন্তুক অজানার পথপানে থেমে  
উদ্দেশে নিজেরে সঁপে আগামিক প্রেমে ॥